

স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০৩০.২১- ৫৫৫

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও পিটিআই এর প্রাত্যহিক সমাবেশকালে জাতীয় সংগীত পরিবেশনের পর শপথ বাক্য পাঠ সংক্রান্ত।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৮.০০.০০০০.০০৮.৩১.০৪১.১৯.৪১৭; তারিখ: ১৯/০৮/২০২৪খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেফিকিতে সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পিটিআই এর প্রাত্যহিক সমাবেশকালে জাতীয় সংগীত পরিবেশনের পর সরকার নিম্নোক্ত শপথবাক্য পাঠের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

“আমি শপথ করিতেছি যে, মানুষের সেবায় সর্বদা নিজেকে নিয়োজিত রাখিব। দেশের প্রতি অনুগত থাকিব। দেশের একতা ও সংহতি বজায় রাখিবার জন্য সর্বদা সচেষ্ট থাকিব।

হে মহান আল্লাহ/মহান সৃষ্টিকর্তা, আমাকে শক্তি দিন, আমি যেন বাংলাদেশের সেবা করিতে পারি এবং বাংলাদেশকে একটি শক্তিশালী ও আদর্শ রাষ্ট্র হিসেবে গড়িয়া তুলিতে পারি। আমিন।”

২। এমতাবস্থায়, সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং পিটিআই এর প্রাত্যহিক সমাবেশকালে জাতীয় সংগীত পরিবেশনের পর উপরোক্ত শপথবাক্য পাঠের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৯/০৮-২০২৪
মোঃ হুংফুর রহমান
পরিচালক (পলিসি ও অপারেশন)
ইমেইল: dirpolicydpe@gmail.com
ফোন: ০২-৫৫০-৭৪৯১৮

১। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।

৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।

অনুলিপি:

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৩। শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।